মেহেরপুর ২৪ ঘন্টায় করোনায় আরো ৩ জনের মৃত্যু

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় করোনায় আক্রান্ত হয়ে নতুন ৩ জন মারা গেছেন। তারা হলেন, শহরের বড়বাজারের মাহফুজুর রহমান (৫৩), সদর উপজেলার আমঝুপি গ্রামের গোলাম মোস্তফা (৭০) এবং গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের মারুফ হোসেন (৪০)।

মেহেরপুরের স্বাস্থ্য বিভাগ এ তথ্য নিশ্চিত করেছে। গতকাল রবিবার সকাল ৮টা থেকে আজ সোমবার সকাল ৮টা পর্যন্ত দেওয়া তথ্যে মৃত্যুর বিষয়টি নিশ্চিত হয়েছে। এদের মধ্যে গোলাম মোস্তফা ৬দিন, মারুফ হোসেন ১২ এবং মাহফুজুর রহমান ১১ দিন ধরে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

এনিয়ে মেহেরপুরে ১৬৪ জনের মৃত্যু হলো। এর মধ্যে সদর উপজেলায় ৭৯,গাংনীতে ৫৫ এবং মুজিবনগরে ৩৯ জন।

মুক্তিযোদ্ধাদের ধাক্কা দিয়ে সরিয়ে দিলেন প্রতিমন্ত্রীর ভাই বাবুল

মুক্তিযোদ্ধাদের ধাক্কা দিয়ে সরিয়ে জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে মুক্তিযোদ্ধাদের পুস্পস্তবক হাতে নিলেন অমুক্তিযোদ্ধা শহিদ সাদিক বাবুল। এমনই অভিযোগ করেছেন মুক্তিযোদ্ধারা।
রবিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বঙ্গবন্ধুর অস্থায়ী প্রতিকৃতির সামনে এ ঘটনা ঘটান তিনি। এসময় মুক্তিযোদ্ধারা তার উপর ক্ষুব্ধ হয়ে জেলা প্রশাসকের কাছে অভিযোগ করেন। তবে অভিযুক্তের দাবি তিনি মুক্তিযোদ্ধা।
অভিযুক্ত শহিদ সাদিক বাবুল জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির বড় ভাই। ভাই প্রতিমন্ত্রী হওয়ায়

অন্যায় করেছেন। মুক্তিযোদ্ধা না হয়ে কেন তিনি মুক্তিযোদ্ধাদের পক্ষে পুস্পস্তবক অর্পণ করতে যাবেন। এ ধরণের আচরণ মেনে নেওয়া হবে না।
অভিযুক্ত বাবুল নিজেকে মুক্তিযোদ্ধা দাবি করে বলেন, আমার মুক্তিযুদ্ধের সার্টিফিকেট আছে। আমি ভাতার জন্য মুক্তিযোদ্ধার স্বীকৃতি নেয়নি। মুক্তিযোদ্ধাদের ধাক্কা দেওয়ার বিষয়ে তিনি বলেন, আমি তাদের ধাক্কা দেয়নি। ক্যাপটেন মালেককে বলেছিলাম আপনি মাঝখানে থাকেন। তিনি একপ্রান্তেই থাকলেন। তিনি আরো জানান, যারা বলেছে আমি মুক্তিযোদ্ধা না তারাতো মেহেরপুরের না, তারা বাইরের, তারা কিভাবে জানবে আমি মুক্তিযোদ্ধা কি না? মেহেরপুরের জেলা প্রশাসক ও জেলা মুক্তিযুদ্ধ সংসদের ভারপ্রাপ্ত কমাণ্ডার ড. মুনসুর আলম খান বলেন, বিষয়টি নিয়ে আমাকে এক মুক্তিযোদ্ধা মৌখিকভাবে অভিযোগ করেছেন। এ বিষয়ে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করবো।

মেহেরপুর গাড়াডোব গ্রামে ছিনতাইকারীকে গণপিটুনি

মেহেরপুরের গাড়াডোব গ্রামে অটো ছিনতাইকালে ১ ছিনতাইকারীকে গণধোলাই দিয়েছে এলাকাবাসী। গতকার রবিবার রাত ৯ টায় সময় গাড়াডোব গ্রামে এই ঘটনা ঘটে।

ঘটনার সূত্রে জানা গেছে ইজিবাইক চালক মিঠুন বাড়ি ফিরছিল এরই মধ্যে দুইজন ছিনতাইকারী মিঠুনকে রাস্তায় আটকায় এবং তার অটো ছিনতাই করে নিয়ে যাওয়ার চেষ্টা করে।

পরে এলাকাবাসী বিষয়টা জানতে পেয়ে ছিনতাইকারী দুই জনকে ধরলেও একজন পালিয়ে যায় এবং অপরজন গণপিটুনিতে গুরুতর আহত হয়েছে।

ইজিবাইক চালক মিঠুন গাড়াডোব রাইস মিল পাড়ার কাবুর আলীর ছেলে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। রোববার দুপুরে ঢাকার বাংলাদেশ স্পেশালিস্ট হসপিটালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষনিঃশ্বাস ত্যাগ করেন।

তিনি কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ফিলিপনগর ইউনিয়নের পূর্ব ফিলিপনগর গ্রামের মরহুম আফসার উদ্দিন মাস্টারের ছেলে। কর্মজীবনে তিনি দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের টিআইসি, কুষ্টিয়া জেনারেল হাসপাতালসহ বিভিন্ন হাসপাতালের চিকিৎসক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

এছাড়া কুষ্টিয়া মেডিকেল অ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুলে শিক্ষকতা করেছেন। সর্বশেষ সাতক্ষীরা জেলার সিভিল সার্জন হিসেবে দায়িত্ব পালন করেছেন। তারপর তিনি চাকরি থেকে অবসরগ্রহণ করেন। মৃত্যুর আগে অবসরকালীন নিজ এলাকায় বিভিন্ন ক্লিনিক-হাসপাতালে মানুষের চিকিৎসা সেবা দিতেন।

বিষয়টি নিশ্চিত করেছেন দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) তৌহিদুল ইসলাম তুহিন ও ফিলিপনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ফজলুল হক কবিরাজ।

জানা গেছে, করোনায় আক্রান্ত হলে প্রায় ২ সপ্তাহ আগে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হয় ডা. সালেহ আহমেদকে। অবস্থার অবনতি হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে বাংলাদেশ স্পেশালিস্ট হসপিটালে ভর্তি করা হয়। সেখানে গুরুতর অসুস্থ অবস্থায় আইসিইউ ওয়ার্ডে চিকিৎসাধীন ছিলেন। চিকিৎসাধীন অবস্থায় করোনার কাছে হার মেনে মারা যান তিনি।

ডা. সালেহ আহমেদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন সর্বস্তরের জনগণ। মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান তারা।

এ বিষয়ে কথা বলার জন্য একাধিকবার কল করলেও রিসিভ করেননি কুষ্টিয়া জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. এম এ মোমেন ও ভারপ্রাপ্ত আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) আশরাফুল আলম।

দৌলতপুর স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও তৌহিদুল ইসলাম তুহিন বলেন, এক মাস আগে ডা. সালেহ আহমেদ করোনায় আক্রান্ত হন। এরপর তিনি কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসা নিচ্ছিলেন। পরে অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় বাংলাদেশ স্পেশালিস্ট

হসপিটালে ভর্তি ছিলেন। চিকিৎসাধীন অবস্থায় রোববার দুপুরে তিনি মারা যান।

শোক দিবসে কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুলিশ সুপার খাইরুল আলমের শ্রদ্ধা নিবেদন

বাঙ্গালী জাতির অবিসংবাদিত নেতা,সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কুষ্টিয়া জেলার পুলিশ সুপার (এসপি) মোঃ খাইরুল আলম বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন।

রবিবার সকাল পৌনে ৯ টার দিকে কুষ্টিয়া পুলিশ সুপারের কার্যালয়ে জাতির পিতার প্রতিকৃতিতে তিনি ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করে সূরা ফাতিহা পাঠ করেন।

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের পর পুলিশ সুপার মোঃ খাইরুল আলম এই মহান নেতার প্রতি সম্মান প্রদর্শন করে সেখানে কিছুক্ষণ নীরবতা পালন করেন। এ সময় পুলিশের একটি সুসজ্জিত চৌকস দল রাষ্ট্রীয় সালাম জানায় এবং বিউগলে করুণ সুর বেজে ওঠে।

এর আগে সকাল ৮ টায় কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ে বঙ্গবন্ধুর ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পন করেন এসপি মোঃ খাইরুল আলম।এ সময় কুষ্টিয়া জেলাপ্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম সহ জেলা প্রশাসন ও কুষ্টিয়া জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
পরে সকাল সাড়ে ৮টায় কুষ্টিয়া মজমপুর বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তবক অর্পন করেন তিনি।

পুষ্পস্তবক অর্পণের পর স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারবর্গ সহ ১৫ আগস্ট শাহাদত বরনকারী সকল

শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। মোনাজাতে দেশের অব্যাহত, শান্তি ও সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করা হয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন,কুষ্টিয়া জেলার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অপরাধ) মোঃ মোস্তাফিজুর রহমান,অতিরিক্ত পুলিশ সুপার (জেলা বিশেষ শাখা) মোঃ ফরহাদ হোসেন খাঁন,অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল মোঃ আতিকুল ইসলাম,অতিরিক্ত পুলিশ সুপার সদর মোঃ রাজিবুল ইসলাম,ডিআইও-১,আর আই সহ জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা।

বঙ্গবন্ধু অসম্প্রদায়ীক চেতনায় উদ্বুদ্ধ করেছেন বাঙালি জাতিকে…ডিসি সাইদুল ইসলাম

১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কুষ্টিয়ায় বিস্তর কর্মসূচি পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে রবিবার সকাল ৯টায় কালেক্টর চত্বরে বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তপক অর্পন করেন কুষ্টিয়া জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম, পুলিশ সুপার মো: খাইরুল আলম।

এতে জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, সরকারের সকল দপ্তরের সংশ্লিষ্টরা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানের শিক্ষক শিক্ষার্থী, সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থাও এতে অংশগ্রহণ করে।

পরে সংক্ষিপ্ত আলোচনা সভায় কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শুধু একজন ব্যক্তিই নন, বাঙালি জাতির জন্য একটি আদর্শ। তার জন্ম না হলে বাংলাদেশের জন্ম হতো না। বঙ্গবন্ধুর আরেক নাম স্বাধীন বাংলাদেশ।

বাঙালির অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে বঙ্গবন্ধু তার গোটা জীবন ব্যয় করেছেন উল্লেখ করে জেলা প্রশাসক বলেন, শুধু একটি দেশ তিনি স্বাধীন করেননি, তিনি আমাদের দিয়েছেন একটি পবিত্র সংবিধান। যে অসাম্প্রদায়িক দেশের স্বপ্ন বঙ্গবন্ধু দেখেছিলেন, আমাদের সংবিধানে তারই প্রতিফলন আমরা দেখতে পাই। তিনি অসম্প্রদায়ীক চেতনায় উদ্বুদ্ধ করেছেন বাঙালি জাতিকে।

পরে কোরআন খতম, বিশেষ দোয়া ও মোনাজাতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সেই দিন নিহত তার পরিবারের সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করা হয়।

কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুনাক সভানেত্রী দিলরুবা আলমের শ্রদ্ধা নিবেদন

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কুষ্টিয়া পুলিশ নারী কল্যান সমিতি (পুনাক) এর পক্ষ থেকে পুনাক সভানেত্রী মিসেস দিলরুবা আলম (সহধর্মিণী পুলিশ সুপার কুষ্টিয়া) বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন।

রবিবার সকালে কুষ্টিয়ায় জাতির পিতার প্রতিকৃতিতে তিনি ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করে সূরা ফাতিহা পাঠ করেন।
বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের পর পুনাক সভানেত্রী মিসেস দিলরুবা আলম এই মহান নেতার প্রতি সম্মান প্রদর্শন করে সেখানে কিছুক্ষণ নীরবতা পালন করেন।

পুষ্পস্তবক অর্পণের পর স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারবর্গ সহ ১৫ আগস্ট শাহাদত বরণকারী সকল শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। মোনাজাতে দেশের অব্যাহত, শান্তি ও সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করা হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন খায়রুন নেসা,সাধারণ সম্পাদিকা ও কোষাধ্যক্ষ (সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার মোঃ মোস্তাফিজুর রহমান), সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার ডিএসবি, সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল, সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার (সদর), সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার ভেড়ামারা সার্কেল, সহধর্মিণী সিনিয়র সহকারী পুলিশ সুপার মিরপুর সার্কেল, ও পুনাক কুষ্টিয়ার অন্যান্য সদস্যবৃন্দ।

দর্শনায় ২০ লিটার বাংলা মদ উদ্ধার, আটক ১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২০ লিটার বাংলা মদ সহ একজনকে গ্রেফতার করেছে। পুলিশ জানায় রবিবার রাত ১০ টার দিকে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা রেল বাজার কাঁচা পট্টিতে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্বে এস আই আঃ রহমান এস আই মোস্তফা কামাল গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স সহ অভিযান চালায় দর্শনা রেল বাজার কাঁচা পট্টিতে।

এ সময় পুলিশ চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়ের দর্শনা থানার আক্ন্দবাড়িয়া গ্রামের রবিউলের ছেলে বাংলা মদ ব্যাবসায়ী খলিল(৩৫) কে গ্রেফতার করে।

এ ঘটনায় এস আই আঃ রহমান বাদি হয়ে অজ্ঞাত দুইজন সহ তিন জনের বিরুদ্ধে দায়ের করেছে মামলা।

তাকে মাদক আইনে মামলাসহ কোট হাজতে প্রেরন করেছে।

জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা উত্তোলন করেনি ঝিনাইদহের আল-আরাফা ইসলামি ব্যাংক

সরকারি নির্দেশ অমান্য করে বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা উত্তোলন করেনি ঝিনাইদহের আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড।

সরকারের নির্দেশনা ছিল জাতীয় শোক দিবসে সকল সরকারি বে-প্রতিষ্ঠান ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানে সকালে সূর্য উঠার পর থেকে সূর্য ডোবার আগ পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।

কিন্তু ঝিনাইদহের ব্যাংকের এই শাখায় কোন পতাকা চোখে পড়েনি। রবিবার (১৫ আগস্ট) দুপুরে এমন অবস্থা দেখে সংশ্লিষ্ট এক কর্মকর্তার কাছে জানতে চাইলে তিনি কোন সদুত্তর দিতে পারেন নি।

বিষয়টি ক্ষতিয়ে দেখার জন্য প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন এলাকাবাসী।